

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমাজসেবা অধিদপ্তর
সমাজসেবা ভবন
এপিএ, ইনোভেশন এবং সেবা সহজীকরণ শাখা
ই-৮/বি-১, শেরে-ই-বাংলা নগর, আগারগাঁও, ঢাকা-১২০৭।
www.dss.gov.bd

শেখ হাসিনার হাতটি ধরে পথের শিশু
যাবে ঘরে।

সভাপতি	ড. আবু সালেহ মোস্তফা কামাল মহাপরিচালক
সভার তারিখ	২৭ মার্চ ২০২৪
সভার সময়	সকাল ৯টা ৩০মিনিট
স্থান	মহাপরিচালক, সমাজসেবা অধিদপ্তর এর দাপ্তরিক কক্ষ
উপস্থিতি	সংযুক্ত পরিশিষ্ট ক

সভার শুরুতে সভাপতি মহোদয় উপস্থিত সকল সদস্যদের ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের জন্য সকলকে আরো তৎপর হওয়ার অনুরোধ জানিয়ে সভার কার্যক্রম আলোকে বিষয়াদি উপস্থাপনের জন্য সাচিবিক দায়িত্ব পালনকারী উপপরিচালক এপিএ, ইনোভেশন ও সেবা সহজীকরণ কে আহ্বান জানান।

আলোচ্যসূচি ০১: জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২৩-২৪ বাস্তবায়ন:

আলোচনা: উপপরিচালক(এপিএ, ইনোভেশন ও সেবা সহজীকরণ) জানান যে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২৩-২৪ এ ২য় কোয়ার্টারের প্রতিবেদন প্রস্তুত করে প্রেরন সহ সফটওয়্যারে প্রতিবেদন আপলোড করা হয়েছে। তিনি ২য় কোয়ার্টারের অগ্রগতির প্রতিবেদন সভায় উপস্থাপন করেন। উপস্থাপিত অগ্রগতি প্রতিবেদন দেখা যায় যে শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষনের লক্ষমাত্রা ৬টি, মধ্যে ৫ টি অর্জিত হয়েছে, ক্রয় পরিকল্পনা ও বাজেট ৩০% বাস্তবায়িত হয়েছে। ইএফটির মাধ্যমে ঢাকা জেলার ক্যাম্পার, কিডনি লিভার সিরোসিস রোগীদের চিকিৎসার অনুদান প্রদান প্রক্রিয়াধীন আছে। অন্যান্য সূচকের বিপরীতে লক্ষমাত্রা অর্জিত হয়েছে।

সিদ্ধান্ত:

১.১ কোয়ার্টার ভিত্তিক শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষনের লক্ষমাত্রা অর্জন নিশ্চিত করতে হবে।

বাস্তবায়ন: উপপরিচালক(গবেষণা, মূল্যায়ন, প্রকাশনা ও জনসংযোগ শাখা) ও উপপরিচালক এপিএ, ইনোভেশন ও সেবা সহজীকরণ শাখা।

১.২ ক্রয় পরিকল্পনা ও বাজেট বাস্তবায়নের লক্ষমাত্রা অর্জন নিশ্চিত করতে হবে।

বাস্তবায়ন: পরিচালক (প্রশাসন ও অর্থ) ও উপপরিচালক(অর্থ ও বাজেট)

১.৩ ঢাকা জেলার ক্যাম্পার, কিডনি লিভার সিরোসিস রোগীদের চিকিৎসার অনুদান অর্থ লক্ষমাত্রা অনুযায়ী ৫০% ইএফটি মাধ্যমে প্রদান করতে হবে।

বাস্তবায়ন: উপপরিচালক জেলা সমাজসেবা কার্যালয় ঢাকা এবং পরিচালক, বিভাগীয় সমাজসেবা কার্যালয়, ঢাকা।

আলোচ্যসূচি ০২: জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২৩-২৪ বাস্তবায়ন ৩য় কোয়ার্টার বিষয়ক

উপপরিচালক উপপরিচালক(এপিএ, ইনোভেশন ও সেবা সহজীকরণ) জানান যে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২৩-২৪ এ ৩য় কোয়ার্টারের জন্য ইতিমধ্যে কার্যক্রম শুরু হয়েছে। স্টেকহোল্ডার নিয়ে মতবিনিময় সভা হয়েছে এবং অধীনস্থ দপ্তরে অগ্রগতি নিয়ে ফিডব্যাক সভায় বিস্তারিত আলোচনা হবে। সংশ্লিষ্ট বিভিন্ন শাখা ও অধিশাখার কর্মসম্পাদন সূচকের বিপরীতি অর্জিত অগ্রগতি প্রতিবেদন সমন্বয় করে এপ্রিল/২৪ ১ম সপ্তাহ প্রতিবেদন প্রস্তুত করা হবে।

সিদ্ধান্ত: ৩য় কোয়ার্টারের প্রতিবেদন যথাসময় প্রেরন ও সফটওয়্যারে আপলোড নিশ্চিত করতে হবে।

বাস্তবায়ন: উপপরিচালক এপিএ, ইনোভেশন ও সেবা সহজীকরণ শাখা এবং পরিচালক (কার্যক্রম) ও সভাপতি, জাতীয়

শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়ন কমিটি, সমাজসেবা অধিদপ্তর, ঢাকা।

আলাচ্যসূচি ০৩: শুদ্ধাচার পুরস্কার সংক্রান্ত

উপপরিচালক(এপিএ,ইনোভেশন ও সেবা সহজীকরন) জানান যে বিগত সময় পর্যন্ত শুদ্ধাচার পুরস্কার সংক্রান্ত কার্যক্রম গবেষণা,মূল্যায়ন , প্রকাশনা ও জনসংযোগ শাখার মাধ্যমে বাস্তবায়িত হতে। বর্তমান অধিদপ্তরে এপিএ,ইনোভেশন ও সেবা সহজীকরন শাখা সৃষ্টি হয়েছে। সভায় শুদ্ধাচার পুরস্কার সংক্রান্ত কার্যক্রম বাস্তবায়নের অর্পিত শাখা নিয়ে বিস্তারিত আলাচনা হয়। সভায় শুদ্ধাচার পুরস্কারের বিজ্ঞপ্তী প্রকাশ, পুরস্কার জন্য শুদ্ধাচার পুরস্কার সংক্রান্ত নীতিমালা ২০২১ এবং কোন কর্মকর্তা/কর্মচারী প্রস্তাবের সুপারিশ বিপরীত প্রমানক যুক্ত করার বিষয় নিয়ে বিস্তারিত আলোচনা হয়।

সিদ্ধান্ত: এপিএ,ইনোভেশন ও সেবা সহজীকরন শাখার মাধ্যমে শুদ্ধাচার পুরস্কার কার্যক্রম বাস্তবায়িত হবে। পুরস্কারের জন্য শুদ্ধাচার পুরস্কার সংক্রান্ত নীতিমালা ২০২১ অনুসরণ করতে হবে।

বাস্তবায়ন: উপপরিচালক, এপিএ,ইনোভেশন ও সেবা সহজীকরন শাখা, সমাজসেবা অধিদপ্তর, ঢাকা।

সভায় আর কোন আলোচনা না থাকায় ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।



০৬-০৫-২০২৪

ড. আবু সালেহ মোস্তফা কামাল
মহাপরিচালক

২৩ বৈশাখ ১৪৩১ বঙ্গাব্দ
তারিখ: ০৬ মে ২০২৪ খ্রিস্টাব্দ

নম্বর: ৪১.০১.০০০০.০২৩.০৬.০০২.২৪.২৬

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়ন কমিটি;
- ২। পরিচালক, কর্মসূচি পরিচালক, প্রকল্প পরিচালক, অতিরিক্ত পরিচালক, উপপরিচালক এবং সহকারী পরিচালক (সকল) সদর কার্যালয়, সমাজসেবা অধিদফতর এবং
- ৩। পরিচালক, বিভাগীয় সমাজসেবা কার্যালয় (সকল)।



০৭-০৫-২০২৪

সৈয়দ মোঃ নূরুল বাসির
পরিচালক (যুগ্মসচিব)

সকল সংযুক্তিসমূহ:

- (১) সভার উপস্থিতি বিবরণী